

জাতীয় কৃষি নীতি-২০১৭ (খসড়া) এর উপর মতামত প্রদান

নিম্নোক্ত বিষয়সমূহ সংযোজন করা যেতে পারে

৩। কৃষি গবেষণা :

নবায়নযোগ্য শক্তি (Renewable energy) যেমন : সৌরশক্তি/Solar energy, বায়ুশক্তি, বায়োগ্যাস ইত্যাদির ব্যবহার কৃষিতে বৃদ্ধির নিমিত্তে গবেষণা করা হবে।

৪। কৃষি সম্প্রসারণ

কৃষকদের মাঝে লাগসই প্রযুক্তিসমূহের দ্রুত সম্প্রসারণের লক্ষ্যে প্রত্যেক উপজেলা সদরে একটি উপজেলা কৃষি প্রযুক্তি হস্তান্তর ব্লক বাস্তবায়ন করা হবে।

৬। জ্ঞান ও দক্ষতা

প্রশিক্ষণের আওতা


জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কে কৃষি ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়নের Centre of Excellence হিসেবে গড়ে তোলা হবে।

বিবিধ

- উপ সহকারি কৃষি কর্মকর্তাদের (SAAO) পাক্ষিক ভ্রমণসূচি Online ভিত্তিক করা হবে।

প্রত্যেক উপজেলায় Target-oriented, Bottom-up Agricultural Extension plan করা হবে এবং তারই আলোকে জেলা, আঞ্চলিক ও জাতীয় Strategic Agricultural Extension plan করা হবে।

- Training Need Assessment (TNA) /প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করে SAAO দের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করা হবে।
ও বছরব্যাপী উপজেলা প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরি করে সে মোতাবেক পাক্ষিক SAAO প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।


২৬/১১/১৭

শ্রী নুরুল আলম
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর।

এছাড়া ও আরো কিছু বিষয় সংযোজন করার জন্য সুপারিশমালা

১। সূচিপত্র তৈরি করা দরকার।

২। আরেকটি নতুন অধ্যায়ের সংযোজন করা যেতে পারে। যেমন- কৃষি শিক্ষা, কৃষি গবেষণা এবং কৃষি সম্প্রসারণ এর মধ্যে নিবিড় যোগসূত্র স্থাপন/সমন্বয় সাধন করা হবে।

• প্রয়োজনীয়তা

বাংলাদেশের জনসংখ্যা ক্রমাগত বাড়ছে কিন্তু সেই হারে জমির পরিমাণ বাড়ছে না বরং অনবরত কমে যাচ্ছে। উপরন্তু, পরিবর্তিত জলবায়ু এর কারণে দেশের বিভিন্ন অঞ্চলে কাংখিত ফসল উৎপাদন করা সম্ভব হচ্ছে না। এর জন্য চাহিদাভিত্তিক শিক্ষা কারিকুলাম প্রণয়ন, গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হওয়া প্রয়োজন।

• বাস্তবায়ন পদ্ধতি

কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কৃষি গবেষক এবং কৃষি সম্প্রসারণবিদগণ এর সমন্বয়ে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সভা/সেমিনার /কর্মশালা আয়োজন করা হবে। তারই সুপারিশসমূহ নীতি নির্ধারকদের নিকট প্রতিবেদন আকারে দাখিল করা হবে। মাঝে মাঝে সরেজমিনে সমন্বিতভাবে মাঠ পরিদর্শন করা হবে।

• অংশীজনের দায়িত্বাবলী

➤ কৃষি শিক্ষা

কৃষি সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহে (বিশ্ববিদ্যালয়, কলেজ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট) চাহিদাভিত্তিক শিক্ষা কারিকুলাম প্রণয়ন করা হবে।

➤ কৃষি গবেষণা

সংশ্লিষ্ট অংশীজনের চাহিদাভিত্তিক গবেষণা কার্যক্রমের পরিকল্পনা করা হবে।

➤ কৃষি সম্প্রসারণ

জাতীয় কৃষি সম্প্রসারণ নীতিমালা ২০১৭ এর আলোকে সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা করা হবে।


২৪/১১/১৭

শ্রীমান নূরুল আলম
মহাপরিচালক (কার্যক্রম)
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর।